দৈনিক সংবাদ

তারিখ 26 AUG 1993
পৃষ্ঠা 4 কলাম 5

## কৃষি কলেজ—একটি প্রস্তাবনা

স্নাতক কৃষি (সম্মান) কোর্সের জন্য দেশে বর্তমানে তিনটি কৃষি কলেজ রয়েছে। কলেজগুলো হচ্ছে বাংলাদেশ কৃষি ইনস্টিটিউট, ঢাকা; পটুয়াখালী কৃষি কলেজ, পটুয়াখালী ও হাজী মোহাম্মদ দানেশ কৃষি কলেজ, দিনাজপুর। কলেজ তিনটি একাডেমিকভাবে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত এবং এগুলোর প্রশাসনিক দায়িত্ব সাময়িকভাবে বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বি,এ,আর,আই)–এর ওপর ন্যস্ত।

কৃষি গবেষণার ক্ষেত্রে বি,এ,আর,আই একটি বহুমুখী গবেষণা প্রতিষ্ঠান। এর গবেষণা ব্যবস্থাপনা ও পরিকল্পনার সাথে শিক্ষাব্যবস্থার প্রশাসনিক দিক সম্পূর্ণ ভিন্নতর হওয়ায় কলেজ তিনটিকে বি,এ,আর,আই যুগপৎ পরিচালনায় প্রায়শই জটিলতার সৃষ্টি হচ্ছে।

নীতিগত অবস্থান থেকেই শিক্ষা একটি ডিসিপ্লিন হিসাবে সকল কার্যক্রমের উর্ধ্বে স্থান পায় (বিশ্ববিদ্যালয়ের স্বায়ত্তশাসন এর প্রকৃষ্ট উদাহরণ)। উল্লিখিত ব্যবস্থাপনাগত দুর্বলতা ও শিক্ষা প্রতিষ্ঠানের মর্যাদার বিষয়টি বিবেচনা করে মন্ত্রী পরিষদ কলেজ তিনটিকে বি,এ,আর,আই–এর প্রশাসনিক আওতা থেকে পৃথক করার সিদ্ধান্ত নেয়। এরই পরিপ্রেক্ষিতে ইতোমধ্যে শিক্ষক ও বিজ্ঞানী নিজ নিজ কার্যক্ষেত্রে স্থানান্তরিত হয়েছেন এবং শিক্ষকদের জন্যে পৃথক চাকরিবিধি প্রণয়নের প্রক্রিয়া চলছে। এহেন সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে সংশ্লিষ্ট শিক্ষক–মহল মনে করেন যে, কৃষি মন্ত্রণালয়ে এ জাতীয় উচ্চতর কৃষিশিক্ষা প্রতিষ্ঠান পরিচালনায় বিশ্বের অন্যান্য দেশের অনুশীলনকৃত নমুনা বিবেচনা করে কলেজ তিনটির প্রশাসনিক দায়িত্ব "ন্যাশনাল এগ্রিকালচারাল রিসার্চসিস্টেম "(এন,এ,আর,এস)"–এর সাথে সম্পৃক্ত করে "বাংলাদেশ এগ্রিকালচারাল রিসার্চ কাউন্সিল (বি,এ,আর,সি)"–এর ওপর অর্পণ করা হোক। আমাদের পার্শ্ববর্তী দেশ ভারতেও উচ্চতর কৃষি শিক্ষা প্রতিষ্ঠান–সমূহ "ইন্ডিয়ান কাউন্সিল অব এগ্রিকালচারাল রিসার্চ (আই,সি,এ,আর)"–এর আওতায় পরিচালিত।

মোঃ রফিকুল ইসলাম,
প্রভাষক, উদ্ভিদ রোগতত্ত্ব বি,
পটুয়াখালী কৃষি কলেজ।